তারিখ 0-3 JAN 2015
পৃষ্ঠা ১৪ কলাম ৬

পিএসসি ও জেএসসি পরীক্ষা

# সিলেটে ইংরেজি মাধ্যমে স্কলার্স হোমের সাফল্য

■ সিলেট ব্যুরো

সিলেটে ইংরেজি মাধ্যমে প্রাথমিক সমাপনী (পিএসসি) ও জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় অনবদ্য সাফল্য অর্জন করেছে নগরীর স্কলার্স হোম। নগরীতে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানটির ৫টি ক্যাম্পাস থেকে ২০১৪ সালের পিএসসি ও জেএসসি পরীক্ষায় মোট ৫৭৯ জন অংশ নেয়। তাদের মধ্যে অসুস্থতাজনিত কারণে একজন ছাড়া বাকি ৫৭৮ জনই সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়েছে। জেএসসিতে বাংলা ও ইংরেজি মাধ্যম মিলে শীর্ষ শিক্ষা প্রতিষ্ঠানের তালিকায় সপ্তম স্থানে থাকলেও শুধু ইংরেজি মাধ্যমে সিলেট শিক্ষা বোর্ডে প্রথম হয়েছে স্কলার্স হোম।

সাবেক এমপি হাফিজ আহমদ মজুমদার প্রতিষ্ঠিত হাফিজ মজুমদার শিক্ষা ট্রাস্টের ব্যবস্থাপনায় পরিচালিত স্কলার্স হোম থেকে ইংরেজি মাধ্যমে পিএসসি পরীক্ষায় এবার মোট ২৬৫ পরীক্ষার্থী অংশ নেয়। শতভাগ সাফল্যের সঙ্গে পিএসসিতে এই প্রতিষ্ঠানের মোট ১৩২ শিক্ষার্থী জিপিএ ৫ পায়। হাফিজ মজুমদার শিক্ষা ট্রাস্টের সদস্য সচিব লোকমান উদ্দিন চৌধুরী জানান, সাফল্যের এই ধারা ভবিষ্যতেও অব্যাহত রাখার চেষ্টা করা হবে।